

যে সমস্ত বিদেশী জাপানে বাসিন্দা হিসাবে নাম লিখিয়েছেন তাদের জন্য

অক্টোবর 2015 -এর শুরুতে, আপনাকে আপনার 12 সংখ্যার সামাজিক নিরাপত্তা এবং ট্যাক্স নম্বর (স্বতন্ত্র নম্বর বা "আমার নম্বর"ও বলা হয়) জানিয়ে দেওয়া হবে।

1. স্বতন্ত্র নম্বর (ডাক নাম হল "আমার নম্বর") কী?

সামাজিক নিরাপত্তা এবং ট্যাক্স নম্বর সিস্টেমের অধীনে স্বতন্ত্র নম্বর ইস্যু করা হয় এবং এটিকে ভিত্তি করে একাধিক সংস্থার মধ্যে ছড়িয়ে থাকা কোনো ব্যক্তির ব্যক্তিগত তথ্য লিঙ্ক করা ও একত্রিত করা হয়। সামাজিক নিরাপত্তা এবং ট্যাক্স সিস্টেমে দক্ষতা এবং স্বচ্ছতা নিয়ে আসতে, জনগণের কাছে পুরো বিষয়টিকে আরো সুবিধাজনক করে তুলতে এবং এক ন্যায় সংগত সমাজ গড়ে তুলতে এই ব্যবস্থাটি সামাজিক পরিকাঠামোকে উন্নত করে তোলে।

যে সমস্ত বিদেশী জাপানের বাসিন্দা (মিড-টার্ম বাসিন্দা, বিশেষ স্থায়ী বাসিন্দা ইত্যাদি) হিসাবে নাম লিখিয়েছেন তারাও তাদের স্বতন্ত্র নম্বর পাবেন।

2. স্বতন্ত্র নম্বর কখন ব্যবহার করতে হবে

- ◆ কর এবং সামাজিক নিরাপত্তা পদ্ধতিগুলির জন্য প্রয়োজনীয় আয় এবং কর ছাড়ের সার্টিফিকেট তৈরি করার সময়ে ব্যবহার করার জন্য আপনি আপনার স্বতন্ত্র নম্বর আপনার নিয়োগকর্তার কাছে উপস্থিত করবেন।
- ◆ কর প্রক্রিয়াগুলির জন্য ব্যবহৃত আইনি নথিপত্রে নোটেশনের জন্য আপনি আপনার স্বতন্ত্র নম্বর নিরাপত্তা সংস্থা এবং বিমা কোম্পানিগুলির কাছে উপস্থিত করবেন।
- ◆ কর্মী হিসাবে আপনার প্রাপ্য পেনসনের সুবিধার দাবি করতে আপনি আপনার স্বতন্ত্র নম্বর পেনসন অফিসে উপস্থিত করবেন।
- ◆ আপনি ওয়েলফেয়ার সুবিধা পেতে আপনার মিউনিসিপ্যাল অফিসে আপনার স্বতন্ত্র নম্বর জানাবেন।

3. প্রয়োজনীয় পদ্ধতি

- ◆ মিউনিসিপ্যাল অফিস আপনার নিবন্ধিত ঠিকানায় একটি বিজ্ঞপ্তি কার্ড পাঠাবে। আপনার বর্তমান ঠিকানা নিবন্ধিত না থাকলে, বিজ্ঞপ্তি কার্ডটি আপনার কাছে নাও পৌঁছাতে পারে। অনুগ্রহ করে আগে থাকতে আপনার নিবন্ধিত ঠিকানাটি নিশ্চিত করুন।
- ◆ অক্টোবর 2015 -এর শুরু থেকে, প্রতিটি পরিবার রেকর্ড ডেলিভারির মাধ্যমে একটি খাম পাবেন, যেখানে পরিবারের সদস্যদের স্বতন্ত্র নম্বর সহ বিজ্ঞপ্তি কার্ড থাকবে। এই কার্ডটি গুরুত্বপূর্ণ কারণ এতে ট্যাক্সের আপনার স্বতন্ত্র নম্বর এবং সামাজিক নিরাপত্তা পদ্ধতি রয়েছে। ভুল করে এটিকে যেন ফেলে দেবেন না।
- ◆ আপনি একটি স্বতন্ত্র নম্বর কার্ডের জন্য আবেদন জানাতে পারেন। আবেদন করার জন্য বিভিন্ন বিকল্প ব্যবস্থা উপলব্ধ আছে, যেমন ডাকযোগে আপনার মুখের একটি ছবি দিয়ে স্বতন্ত্র নম্বর কার্ডের আবেদন পাঠানো বা স্মার্টফোনে আপনার মুখের ছবি তুলে তা সমেত অনলাইনে আবেদন জানানো। অক্টোবর 2015 -তে বা তার পরে পাঠানো খামে থাকা নির্দেশাবলী অংশে আবেদন প্রক্রিয়া বিস্তারিত ভাবে জানিয়ে দেওয়া হবে।
- ◆ আপনি তারপরে আপনার স্বতন্ত্র নম্বর কার্ড পাবেন। 2016 -এর জানুয়ারিতে বা তার পরের দিকে, আপনি একটি বিজ্ঞপ্তি পাবেন এবং তাতে জানানো হবে যে আপনার স্বতন্ত্র নম্বর কার্ড জারি হওয়ার জন্য প্রস্তুত হয়েছে। আপনি কার্ডটি মিউনিসিপ্যাল অফিস থেকে পেতে চাইলে, অনুগ্রহ করে নিম্নলিখিত তিনটি জিনিস সঙ্গে করে নিয়ে আসবেন। প্রথমবার বিনামূল্যে দেওয়া হবে।
 - ✓ বিজ্ঞপ্তি কার্ড
 - ✓ জারি করার বিজ্ঞপ্তি (আবেদনের পরে পাওয়া যায়)
 - ✓ ব্যক্তিগত আইডি (ড্রাইভারের লাইসেন্স, পাসপোর্ট, বাসস্থানের কার্ড ইত্যাদি)

4. স্বতন্ত্র নম্বর কার্ড কী?

- ◆ এই কার্ডটি আপনার স্বতন্ত্র নম্বর এবং স্বতন্ত্র নম্বরের সঙ্গে জড়িত যেকোনো প্রক্রিয়ায় পরিচয় হিসাবে স্বাক্ষর দেয়া। এটি আপনার সরকারি আইডি কার্ড হিসাবেও কাজ করে।
- ◆ আপনি বিনামূল্যে কার্ডে একটি ইলেকট্রনিক সার্টিফিকেট যোগ করতে পারবেন এবং তা অনলাইনে কর ফেরতের জন্য ব্যবহার করতে পারবেন।
- ◆ জারি করা আদেশ অনুসারে (যেমন পাবলিক লাইব্রেরি পরিষেবা, সিল নিবন্ধন শংসাপত্র জারি করা) উল্লিখিত আপনার স্থানীয় সরকারের পক্ষ থেকে দেওয়া পরিষেবাগুলি পেতেও আপনি কার্ডটি ব্যবহার করতে পারবেন। কিছু পৌর প্রশাসন এমনকি কনভিনিয়েন্স স্টোরগুলিকে পাবলিক সার্টিফিকেট জারি করতে অনুমতি দেবে।
- ◆ আপনার বেসিক রেসিডেন্ট রেজিস্ট্রেশন কার্ড তার মেয়াদ শেষ না হওয়া পর্যন্ত বৈধ থাকবে। তবে, স্বতন্ত্র নম্বর কার্ড পাওয়ার পরে আপনাকে তা ফিরিয়ে দিতে হবে।
- ◆ স্বতন্ত্র নম্বর কার্ডের IC চিপে আপনার নাম, ঠিকানা, জন্ম তারিখ, লিঙ্গ, স্বতন্ত্র নম্বর থাকবে এবং কার্ডের মুখে অন্যান্য তথ্য থাকবে এ বং তার পাশাপাশি প্রযোজ্য হলে ইলেকট্রনিক সার্টিফিকেটও থাকবে। আপনার আয়ের মতো ভীষণ ভাবে সংবেদনশীল ব্যক্তিগত কোনো তথ্য রেকর্ড করা হবে না।

5. স্বতন্ত্র নম্বর ব্যবহারের দিক থেকে এই পূর্ব-সতর্কতা মেনে চলতে হবে

- ◆ শুধুমাত্র আইনি ভাবে অনুমোদিত ব্যক্তিরাই স্বতন্ত্র নম্বর ব্যবহার বা সংগ্রহ করতে পারবেন। অসচেতন ভাবে আপনার স্বতন্ত্র নম্বর অন্যদের দেখাতে যাবেন না।
- ◆ যে ব্যক্তি বেআইনি ভাবে অন্যদের স্বতন্ত্র নম্বর হস্তগত করে এবং অন্যদের স্বতন্ত্র নম্বর পরিচালনা করার দিক থেকে যেকোনো অনুমোদিত ব্যক্তি যিনি বেআইনি ভাবে কোনো তৃতীয় পক্ষকে স্বতন্ত্র নম্বর এবং অন্যান্য সংবেদনশীল ব্যক্তিগত তথ্য থাকা ফাইল দেয় তিনি শাস্তির আওতায় আসবেন।

6. যোগাযোগের তথ্য

- ◆ কল সেন্টারের তথ্য
0570-20-0178 (জাপানী)
0570-20-0291 (ইংরেজি, চীনা, কোরিয়ান, স্পেনীয় এবং পর্তুগিজ)
[30 শে সেপ্টেম্বর, 2015 পর্যন্ত]
9:30-17:30 সপ্তাহের মাঝের দিনে (সপ্তাহান্তে, জাতীয় ছুটির দিনে এবং বছর শেষের/নতুন বছরের ছুটির দিনে বন্ধ থাকে)
[1লা অক্টোবর, 2015 থেকে 31শে মার্চ, 2016]
9:30-20:00 সপ্তাহের মাঝের দিন, 9:30-17:30 সপ্তাহান্তে এবং ছুটির দিনে
দ্রষ্টব্য: এইগুলি Navi-Dial পরিষেবা হওয়ায় কল প্রতি চার্জ প্রযোজ্য হবে।



অনুগ্রহ করে আপনার
স্বতন্ত্র নম্বর সম্বন্ধে রাখবেন।
এটি আপনার সারা জীবনভর বৈধ থাকবে।